সুখে ভরবে আগামী দিন
পেনশন এখন সর্বজনীন

পেনশন স্কিমে অংশগ্রহণ
অবসরে সুন্দর জীবন

# সর্বজনীন পেনশন স্কিম

**প্রবাস**
(প্রবাসী বাংলাদেশী)

| সর্বোচ্চ মাসিক পেনশন | সর্বনিম্ন মাসিক পেনশন |
|---|---|
| ৩,৪৪,৬৫৫ টাকা<br>* ৪২ বছর মেয়াদি<br>(মাসে ১০,০০০ টাকা জমা) | ৭,৬৫১ টাকা<br>* ১০ বছর মেয়াদি<br>(মাসে ৫,০০০ টাকা জমা) |

**সমতা**
(স্বল্প আয়ের ব্যক্তি)

| সর্বোচ্চ মাসিক পেনশন | সর্বনিম্ন মাসিক পেনশন |
|---|---|
| ৩৪,৪৬৫ টাকা<br>* ৪২ বছর মেয়াদি<br>(মাসে নিজের ৫০০+ সরকারের ৫০০ টাকা জমা) | ১,৫৩০ টাকা<br>* ১০ বছর মেয়াদি<br>(মাসে নিজের ৫০০+ সরকারের ৫০০ টাকা জমা) |

**প্রগতি**
(বেসরকারি কর্মচারী/প্রতিষ্ঠান)

| সর্বোচ্চ মাসিক পেনশন | সর্বনিম্ন মাসিক পেনশন |
|---|---|
| ১,৭২,৩২৭ টাকা<br>* ৪২ বছর মেয়াদি<br>(মাসে ৫,০০০ টাকা জমা) | ৩০৬০ টাকা<br>* ১০ বছর মেয়াদি<br>(মাসে ২,০০০ টাকা জমা) |

**সুরক্ষা**
(স্বকর্ম ও অপ্রাতিষ্ঠানিক কর্মী)

| সর্বোচ্চ মাসিক পেনশন | সর্বনিম্ন মাসিক পেনশন |
|---|---|
| ১,৭২,৩২৭ টাকা<br>* ৪২ বছর মেয়াদি<br>(মাসে ৫,০০০ টাকা জমা) | ১,৫৩০ টাকা<br>* ১০ বছর মেয়াদি<br>(মাসে ১,০০০ টাকা জমা) |

**প্রত্যয়**
(নতুন চাকরিজীবী)

| সর্বোচ্চ মাসিক পেনশন | সর্বনিম্ন মাসিক পেনশন |
|---|---|
| ৩,৪৪,৬৫৫ টাকা<br>* ৪২ বছর মেয়াদি<br>(মাসে ১০,০০০ টাকা জমা) | ৩,০৬০ টাকা<br>* ১০ বছর মেয়াদি<br>(মাসে ২,০০০ টাকা জমা) |

## প্রবাস স্কিমে অংশগ্রহণ, দেশে ফিরে সুন্দর জীবন

বিদেশে কর্মরত বা অবস্থানকারী যে কোন বাংলাদেশী নাগরিক তার অভিপ্রায় অনুযায়ী বৈদেশিক মুদ্রায় পরিশোধের শর্তে নির্ধারিত হারে চাঁদা প্রদানপূর্বক **প্রবাস** স্কিমে অংশগ্রহণ করতে পারবেন। প্রবাস হতে বাংলাদেশে প্রত্যাবর্তনের পর মেয়াদ পূর্তি সাপেক্ষে সমপরিমাণ অর্থ দেশীয় মুদ্রায় পরিশোধ করাসহ প্রয়োজনে স্কিম পরিবর্তন করতে পারবেন। এই স্কিমের মেয়াদ পূর্তিতে পেনশনার দেশীয় মুদ্রায় পেনশন প্রাপ্য হবেন।

| মাসিক চাঁদার হার | ৫,০০০ টাকা | ৭,৫০০ টাকা | ১০,০০০ টাকা |
|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বছরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ১,৭২,৩২৭ | ২,৫৮,৪৯১ | ৩,৪৪,৬৫৫ |
| ৪০ | ১,৪৬,০০১ | ২,১৯,০০১ | ২,৯২,০০২ |
| ৩৫ | ৯৫,৯৩৫ | ১,৪৩,৯০২ | ১,৯১,৮৭০ |
| ৩০ | ৬২,৩৩০ | ৯৩,৪৯৫ | ১,২৪,৬৬০ |
| ২৫ | ৩৯,৭৭৪ | ৫৯,৬৬১ | ৭৯,৫৪৮ |
| ২০ | ২৪,৬৩৪ | ৩৬,৯৫১ | ৪৯,২৬৮ |
| ১৫ | ১৪,৪৭২ | ২১,৭০৮ | ২৮,৯৪৪ |
| ১০ | ৭,৬৫১ | ১১,৪৭৭ | ১৫,৩০২ |

## সমতা স্কিমের নিশ্চয়তা, সরকার দেবে সহায়তা

বাংলাদেশের পরিসংখ্যান ব্যুরো কর্তৃক সময়ে সময়ে প্রকাশিত আয় সীমার ভিত্তিতে দারিদ্র্য সীমার নিম্নে বসবাসকারী স্বল্প আয়ের ব্যক্তিগণ (যাদের বর্তমান আয়সীমা বার্ষিক অনূর্ধ্ব ৬০,০০০ টাকা) তফসিলে বর্ণিত হারে চাঁদা প্রদানপূর্বক **সমতা** স্কিমে অংশগ্রহণ করতে পারবেন। **সমতা** স্কিমে কর্তৃপক্ষ/সরকার বিধি অনুসারে সমপরিমাণ টাকা জমা করবে।

| মাসিক চাঁদার হার | ১,০০০ টাকা (চাঁদাদাতা ৫০০ + সরকারি অংশ ৫০০ টাকা) |
|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বছরে) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪,৪৬৫ |
| ৪০ | ২৯,২০০ |
| ৩৫ | ১৯,১৮৭ |
| ৩০ | ১২,৪৬৬ |
| ২৫ | ৭,৯৫৫ |
| ২০ | ৪,৯২৭ |
| ১৫ | ২,৮৯৪ |
| ১০ | ১,৫৩০ |

## চাকরি করি বেসরকারি, পেনশন স্কিমে আমিও আছি

বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কোন কর্মচারী বা উক্ত প্রতিষ্ঠানের মালিক তফশিলে বর্ণিত হারে চাঁদা প্রদানপূর্বক **প্রগতি** স্কিমে অংশগ্রহণ করতে পারবেন এবং বেসরকারি প্রতিষ্ঠানের পক্ষ হতে কর্মচারীদের জন্য এই স্কিমে অংশগ্রহণের ক্ষেত্রে চাঁদার ৫০% কর্মী এবং বাকি ৫০% প্রতিষ্ঠান প্রদান করবে অথবা কর্মী নিজ উদ্যোগে এককভাবে এই স্কিমে অংশগ্রহণের সুযোগ পাবেন।

| মাসিক চাঁদার হার | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা |
|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বছরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৬৮,৯৩১ | ১,০৩,৩৯৬ | ১,৭২,৩২৭ |
| ৪০ | ৫৮,৪০০ | ৮৭,৬০১ | ১,৪৬,০০১ |
| ৩৫ | ৩৮,৩৭৪ | ৫৭,৫৬১ | ৯৫,৯৩৫ |
| ৩০ | ২৪,৯৩২ | ৩৭.৩৯৮ | ৬২,৩৩০ |
| ২৫ | ১৫,৯১০ | ২৩,৮৬৪ | ৩৯,৭৭৪ |
| ২০ | ৯,৮৫৪ | ১৪,৭৮০ | ২৪,৬৩৪ |
| ১৫ | ৫,৭৮৯ | ৮,৬৮৩ | ১৪,৪৭২ |
| ১০ | ৩,০৬০ | ৪,৫৯১ | ৭,৬৫১ |

## কৃষক-শ্রমিক-জেলে-তাঁতী, পেনশন স্কিমে সবাই মাতি

অনানুষ্ঠানিক খাতে কর্মরত বা স্বকর্মে নিয়োজিত ব্যক্তি যেমন: কৃষক, রিক্সাচালক, শ্রমিক, কামার, কুমার, জেলে, তাঁতিসহ সকল অনানুষ্ঠানিক- কর্মে নিয়োজিত ব্যক্তিবর্গ নির্ধারিত হারে চাঁদা প্রদানপূর্বক **সুরক্ষা** স্কিমে অংশগ্রহণ করতে পারবেন।

| মাসিক চাঁদার হার | ১,০০০ টাকা | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা |
|---|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বছরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪,৪৬৫ | ৬৮,৯৩১ | ১,০৩,৩৯৬ | ১,৭২,৩২৭ |
| ৪০ | ২৯,২০০ | ৫৮,৪০০ | ৮৭,৬০১ | ১,৪৬,০০১ |
| ৩৫ | ১৯,১৮৭ | ৩৮,৩৭৪ | ৫৭,৫৬১ | ৯৫,৯৩৫ |
| ৩০ | ১২,৪৬৬ | ২৪,৯৩২ | ৩৭.৩৯৮ | ৬২,৩৩০ |
| ২৫ | ৭,৯৫৫ | ১৫,৯১০ | ২৩,৮৬৪ | ৩৯,৭৭৪ |
| ২০ | ৪,৯২৭ | ৯,৮৫৪ | ১৪,৭৮০ | ২৪,৬৩৪ |
| ১৫ | ২,৮৯৪ | ৫,৭৮৯ | ৮,৬৮৩ | ১৪,৪৭২ |
| ১০ | ১,৫৩০ | ৩,০৬০ | ৪,৫৯১ | ৭,৬৫১ |

## প্রত্যয় স্কিম (নতুন চাকরিজীবীদের জন্য)

স্বশাসিত, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ বা সমজাতীয় সংস্থার চাকরিজীবীদের জন্য। ১ জুলাই, ২০২৪ তারিখের পর যোগদানকারী অথবা কমপক্ষে ১০ বছর চাকরি থাকা সাপেক্ষে **প্রত্যয়** স্কিমে অংশগ্রহণ করতে পারবেন। চাঁদার অর্থের ৫০% প্রতিষ্ঠান এবং বাকি ৫০% ব্যক্তি বহন করবে ।

| মাসিক চাঁদার হার | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা | ১০,০০০ টাকা |
|---|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বছরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৬৮,৯৩১ | ১,০৩,৩৯৬ | ১,৭২,৩২৭ | ৩,৪৪,৬৫৫ |
| ৪০ | ৫৮,৪০০ | ৮৭,৬০১ | ১,৪৬,০০১ | ২,৯২,০০২ |
| ৩৫ | ৩৮,৩৭৪ | ৫৭,৫৬১ | ৯৫,৯৩৫ | ১,৯১,৮৭০ |
| ৩০ | ২৪,৯৩২ | ৩৭.৩৯৮ | ৬২,৩৩০ | ১,২৪,৬৬০ |
| ২৫ | ১৫,৯১০ | ২৩,৮৬৪ | ৩৯,৭৭৪ | ৭৯,৫৪৮ |
| ২০ | ৯,৮৫৪ | ১৪,৭৮০ | ২৪,৬৩৪ | ৪৯,২৬৮ |
| ১৫ | ৫,৭৮৯ | ৮,৬৮৩ | ১৪,৪৭২ | ২৮,৯৪৪ |
| ১০ | ৩,০৬০ | ৪,৫৯১ | ৭,৬৫১ | ১৫,৩০২ |

তথ্যসূত্র ঃ www.upension.gov.bd/public/packages ☎ হেল্পডেস্ক: +৮৮০২৫৫১১০৫৪৬-৫৫

প্রকাশনায় : জেলা প্রশাসন, কুষ্টিয়া।

নোভা মাল্টিমিডিয়া, কুষ্টিয়া। ০১৭১২ ৫৫৭ ৬৬৭




## সর্বজনীন পেনশন স্কিমের বৈশিষ্ট্য

* ১৮ হতে ৫০ বৎসর বয়সী সকল বাংলাদেশী নাগরিক তবে বিশেষ বিবেচনায় ৫০ বৎসর উর্ধ্ব বয়সের নাগরিকগণ এই স্কিমে অংশগ্রহণের তারিখ হতে নিরবচ্ছিন্ন ১০ বছর চাঁদা প্রদান শেষে আজীবন পেনশনপ্রাপ্ত হবেন।
* প্রবাসী বাংলাদেশী নাগরিক যাদের জাতীয় পরিচয়পত্র নেই, তারা পাসপোর্টের ভিত্তিতে রেজিস্ট্রেশনের পর ব্যাংকিং চ্যানেল, বৈধ মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস এবং এক্সচেঞ্জ হাউসসমূহের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় চাঁদা প্রদান করে এই স্কিমে অংশগ্রহণ করতে পারবেন।
* নিজের এবং পরিবারের সদস্যদের চিকিৎসা, গৃহ নির্মাণ, গৃহ মেরামত বা সন্তানের বিবাহের ব্যয় নির্বাহের জন্য চাঁদাদাতা ইচ্ছা করলে পেনশন ফান্ডে শুধু তার জমাকৃত অর্থের ৫০% ঋণ হিসেবে উত্তোলন করতে পারবেন, যা কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত ফিসহ সর্বোচ্চ ২৪ কিস্তিতে পরিশাধ করতে হবে এবং সমুদয় অর্থ চাঁদাদাতার হিসেবে জমা হবে।
* সকল স্কিমের জন্য চাঁদার কিস্তি চাঁদা প্রদানকারীর পছন্দমাফিক মাসিক, ত্রৈমাসিক বা বার্ষিক ভিত্তিতে পরিশোধের সুযোগ থাকবে। চাঁদাদাতা ইচ্ছা করলে অগ্রিম হিসেবে টাকা পেনশন ফান্ডে জমা করতে পারবেন।
* সর্বজনীন পেনশন স্কিমে চাঁদাদাতাগণ নিরবচ্ছিন্নভাবে চাঁদা প্রদানের শর্তে তার ৬০ বছর পূর্তিতে আজীবন মাসিক নির্ধারিত হারে পেনশনপ্রাপ্ত হবেন।
* স্কিমের চাঁদাদাতা স্কিমে জমাকৃত বা জমার বিপরীতে প্রাপ্ত পেনশন বাবদ অর্থ তার মৃত্যুর পর গ্রহণ বা উত্তোলনের নিমিত্ত এক বা একাধিক নমিনি মনোনয়ন করতে পারবেন। তবে চাঁদাদাতা কমপক্ষে ১০ বছর চাঁদা প্রদান করার পূর্বে মৃত্যুবরণ করলে জমাকৃত অর্থ মুনাফাসহ নমিনিকে ফেরত দেয়া হবে।
* চাঁদাদাতার পেনশনে থাকাকালীন তার বয়স ৭৫ বৎসর পূর্ণ হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে পেনশনারের নমিনি বা নমিনিগণ বা বৈধ উত্তরাধিকারীগণ অবশিষ্ট সময়ের জন্য (অর্থাৎ ৭৫ বৎসর পূর্ণ হওয়া পর্যন্ত) উক্ত পেনশন প্রাপ্য হবেন।
* দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী চাঁদাদাতার মাসিক চাঁদার ৫০% সরকার অনুদান হিসেবে প্রদান করবে।
* চাঁদাদাতাগণ চাঁদা প্রদানের ক্ষেত্রে আয়কর গণনায় কর রেয়াত সুবিধা পাবেন এবং পেনশন বাবদ প্রাপ্ত অর্থ আয়করমুক্ত থাকবে।
* যে কোন সময়ে চাঁদার হার ও স্কিম পরিবর্তনের সুযোগ রয়েছে।




## সর্বজনীন পেনশন স্কিমে রেজিস্ট্রেশনের ধাপসমূহ

www.upension.gov.bd

↓

রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করে প্যাকেজ/স্কিম নির্বাচন করুন

↓

এনআইডি/জন্ম তারিখ ও মোবাইল নম্বর টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন

অথবা

এনআইডি না থাকলে প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ পাসপোর্ট নম্বর, জন্ম তারিখ ও মোবাইল নম্বর টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন।

↓

ব্যক্তিগত তথ্য এন্ট্রি করুন- (পেশা, বাৎসরিক আয় এবং স্থায়ী ঠিকানা)

↓

স্কিম তথ্য এন্ট্রি করুন (কিস্তির পরিমাণ এবং পরিশোধের ধরন)

↓

ব্যাংক তথ্য এন্ট্রি করুন- হিসাব নাম, হিসাব নম্বর এবং রাউটিং নম্বর (ব্যাংক কর্তৃক প্রদত্ত)

↓

নমিনি তথ্য– নমিনির পরিচয়পত্রের ধরন, সম্পর্ক ও শতাংশ এন্ট্রি করুন

↓

এরপর সেভ বাটনে ক্লিক করে সম্পূর্ণ ফরমটি দেখুন অথবা ডাউনলোড করুন। অতঃপর সাবমিট বাটনে ক্লিক করে সাবমিট করুন

↓

এখন পেমেন্ট করার জন্য পেমেন্ট বাটনে ক্লিক করুন। পেমেন্ট ম্যাথড সিলেক্ট করে পেমেন্ট করুন

↓

পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন ও মোবাইলে প্রাপ্ত মেসেজ সংরক্ষণ করুন (মেসেজে পেনশনার আইডি দেয়া, যা ইউজার আইডি)

↓

ইউজার আইডি-এর জন্য ৬ ডিজিটের পাসওয়ার্ড তৈরি করে ওকে বাটনে ক্লিক করুন

↓

এখন ইউজার আইডি ও পাসওয়ার্ড গোপন রাখুন। ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে পরবর্তীতে নমিনি ও ব্যাংক হিসাব পরিবর্তন এবং পেমেন্ট করতে পারবেন।

প্রকাশনায় : জেলা প্রশাসন, কুষ্টিয়া।

স্কিমসমূহ অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য